

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা কার্যালয়, রাজশাহী  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

E-mail: rajshahi@dnc.gov.bd, rajshahidnc@gmail.com

স্মারক নং- ৫৮.০২.৮১০০.১৩৭.১২.০০১.১৪. ৫১৪

তারিখঃ ১৬/০৫/২০১৯ খ্রি:।

বিষয়ঃ ২৬ জুন, ২০১৯ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতায় অংশ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যায় যে, আগামী ২৬ জুন, ২০১৯ বুধবার "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও গুরুত্বের সংগে বিভিন্ন কর্মসূচী গ্রহণের মাধ্যমে দিবসটি পালনের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আপনি অবগত আছেন যে, দেশের যুব সমাজের একটা অংশ মাদকাসক্ত হওয়ার কারণে সমাজে বিভিন্ন ধরনের অপরাধ প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। ফলে সমাজে দেখা দিচ্ছে অশান্তি ও অস্থিরতা। মাদকের করাল গ্রাস থেকে যুব সমাজকে রক্ষা করা ও তাদেরকে সুস্থ নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য অনুকূল পরিবেশ নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব ও কর্তব্য। তরুণ ও যুবসমাজের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে আগামী ২৬ জুন, ২০১৯ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত রচনা প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত ভাবে অনুরোধ করা হ'ল। দুটি ফ্রেপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

**ফ্রেপ এবং রচনার বিষয় নিম্নরূপ:**

"ক- ফ্রেপ" - মাধ্যমিক ও সমমান পর্যায়ের ছাত্রছাত্রীদের জন্য।

রচনার বিষয়ঃ "মাদকমুক্ত বাংলাদেশ বিনির্মাণে শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা" ( ১০০০ শব্দের মধ্যে)।

"খ-ফ্রেপ" - উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ের ছাত্রছাত্রীদের জন্য।

রচনার বিষয়ঃ "সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে মাদক প্রতিরোধের গুরুত্ব" ( ১৫০০ শব্দের মধ্যে)।


**প্রতিযোগিতার নিয়মাবলী:**

- ১। রাজশাহী জেলার সকল স্কুল, কলেজ, মাদ্রাসার অগ্রহী ছাত্রছাত্রীরা ফ্রেপ অনুসারে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রমেই রচনার ফটোকপি গ্রহণ যোগ্য নয়।
- ৩। রচনার সাথে আলাদা কাগজে প্রতিযোগির নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণি ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।
- ৫। খামের উপর রচনা প্রতিযোগিতা-২০১৯ এবং ফ্রেপ উল্লেখ করতে হবে।
- ৬। রচনা আগামী ১৯ জুন, ২০১৯ তারিখের মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী, হুড়ুয়া (ঠাকুরমারা), পোস্ট: রাজশাহী কোর্ট, থানা: কাশিয়াডাঙ্গা, রাজশাহী ঠিকানায় পৌঁছাতে হবে।

**পুরস্কার:**

প্রতিটি ফ্রেপে প্রতিযোগীদের মধ্য হতে প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কার হিসেবে ফ্রেস্ট, সনদ ও নগদ অর্থ প্রদান করা হবে। ২৬ জুন, ২০১৯ তারিখে পুরস্কার প্রদান করা হবে। পুরস্কার বিতরণের সময় ও স্থান পরবর্তীতে জানানো হবে।

জেলা শিক্ষা অফিসার  
রাজশাহী।

  
(মোহাম্মদ নূরুফর রহমান)  
উপপরিচালক  
মোবাইলঃ ০১৭০৮৯০৪২৭৮।

অনুলিপি ৪ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, রাজশাহী।
- ২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক ( শিক্ষা ও আইসিটি), রাজশাহী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার,----- রাজশাহী।
- ৫। উপজেলা/থানা, মাধ্যমিক শিক্ষা অফিসার,-----।
- ৬। পরিদর্শক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, রাজশাহী 'ক'/খ' সার্কেল।